দৈনিক খবর

তারিখ 26 SEP 1989
পৃষ্ঠা ১ কলাম ৩

27

বিশেষজ্ঞদের প্রতি মওদুদ

# বৃত্তিমূলক প্রশিক্ষণ ইনস্টিটিউট পুনর্গঠনে পরামর্শ দিন

উপ-রাষ্ট্রপতি মওদুদ আহমেদ গতকাল সোমবার বর্তমান বৃত্তিমূলক প্রশিক্ষণ ইনস্টিটিউশনগুলোকে বর্তমান সময়ের শিল্পের উপযোগী করে পুনর্গঠনের জন্য বিশেষজ্ঞদের পরামর্শদানের আহবানজানিয়েছেন।

বাসস জানায়, তিনি ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (আইসিসি) অনুষ্ঠিত 'বাংলাদেশে বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ' শীর্ষক এক সিম্পোজিয়ামের

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## বৃত্তিমূলক প্রশিক্ষণ

প্রথম পৃষ্ঠার পর

উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবেভাষণদিচ্ছিলেন।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন। শিক্ষা মন্ত্রণালয় এবং সুইডিশ আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (সিডা)'র যৌথ উদ্যোগে এ সিম্পোজিয়ামে আরো বক্তব্য রাখেন বাংলাদেশে বিশ্ব ব্যাংক আবাসিক মিশনের প্রধান ফ্রান্সিস ভ্যান গিগ, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব নূরউদ্দিন এম কামাল এবং কারিগরি শিক্ষার মহা-পরিচালক আর মল্লিক। শিক্ষা সচিব হেদায়েত হোসেন অনুষ্ঠানে সভাপতিত্বকরেন।

সুইডিশ রাষ্ট্রদূত কার্ল অলোক সেডেরব্লান্ড-এর অবর্তমানে ডেপুটি কাউন্সিলর তাঁর একটি লিখিত ভাষণ পড়েশোনান।

বৃত্তিমূলক ইনস্টিটিউশনগুলোতে বর্তমান সুযোগ-সুবিধা উন্নয়নের কথা উল্লেখ করে উপ-রাষ্ট্রপতি বলেন, সিম্পোজিয়ামে যোগদানকারী বিশেষজ্ঞরা কিছু কার্যকর কর্মসূচীর পরামর্শ দিতে পারেন যাতে করে জাতীয় অর্থনীতির উন্নয়ন এবং জীবনমান উন্নত করতে বৃত্তিমূলক প্রশিক্ষণ ও দক্ষতা অবদান রাখতে পারে। বর্তমান বৃত্তিমূলক প্রশিক্ষণ ইনস্টিটিউশনসমূহে প্রশিক্ষণপ্রাপ্ত লোকদের বেকার থাকার কথা উল্লেখ করে তিনি বলেন, এ সিম্পোজিয়ামে প্রশিক্ষণ বিষয় এবং শিল্পের প্রয়োজনের মধ্যে ব্যবধান খুঁজে বের করা উচিত।